



## বিশ্বকে জঞ্জালমুক্ত করতে ঐক্যবদ্ধ ১০০টি দেশের স্বেচ্ছাসেবীগণ

গণসচেতনতা এবং বেআইনিভাবে স্তম্ভিত বর্জ্য পরিচ্ছন্নতার জন্য বিভিন্ন দেশের স্বেচ্ছাসেবী দল এবং সংগঠন আগামী ২০১২ সালে ১০০টি দেশে বিশ্ব পরিচ্ছন্নতা অভিযান কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি সামাজিক আন্দোলনের ডাক দিয়েছেন।

রেইনার নলভেক নামের একজন প্রযুক্তি উদ্যোক্তার মতে “এই অভিযান শুধুমাত্র প্রকৃতি-প্রেমীদের জন্য নয় বরং সমগ্র পৃথিবীর মানুষের জন্য যারা অনুধাবন করেন যে, ক্রটিপূর্ণভাবে ব্যবহার্য বর্জ্য সম্পদের সদ্যবহারের বিষয়টিতে প্রত্যেকেই এগিয়ে আসতে পারেন”।

বিশ্ব পরিচ্ছন্নতা অভিযান ২০১২’ মূলতঃ এক দিনের পরিচ্ছন্নতা অভিযান কর্মসূচিকে উদ্দেশ্য করে পরিকল্পনা করা হয়েছে। অংশগ্রহণকারী বিভিন্ন দেশের স্বেচ্ছাসেবী দল এবং সংগঠন আগামী ২০১২ সালের ২৪ মার্চ থেকে ২৫ সেপ্টেম্বর সময়ের মধ্যে নিজ নিজ দেশ অথবা শহরব্যাপী পৃথক পৃথক দিবসে এক দিনের এই পরিচ্ছন্নতা অভিযান কর্মসূচি পরিচালনা করবে। ইতিমধ্যে, বিশ্বের ৬০টি দেশের স্বেচ্ছাসেবীগণ এই অভিযান কার্যক্রম প্রক্রিয়া শুরু করেছে, সেগুলি হলো- আফগানিস্তান, আলবেনিয়া, আর্মেনিয়া, অস্ট্রিয়া, আজারবাইজান, বাংলাদেশ, বার্বাডোস, বেনিন, ব্রাজিল, বুলগেরিয়া, বুর্কিনাফাসো, কম্বোডিয়া, চিলি, গণ-প্রজাতন্ত্রী কংগো, এস্তোনিয়া, ফিনল্যান্ড, ফ্রান্স, গাম্বিয়া, জর্জিয়া, ঘানা, ক্রোয়েশিয়া, সাইপ্রাস, ভারত (নয়া দিল্লি, হায়দ্রাবাদ, লক্ষ্ণৌ, পাটনা), ইন্দোনেশিয়া, ইতালী, কেনিয়া, কাজাখাস্তান, কসোভা, লিথুনিয়া, লাইবেরিয়া, লাটভিয়া, মেসোডোনিয়া, মলদোভা, মরোক্ক, নেপাল, নেদারল্যান্ড, নাইজেরিয়া, নাইজার, পর্তুগাল, রোমানিয়া, সেন্টলুসিয়া, সেন্টভিনসেন্ট ও গ্রানাদিয়ানস, সেনেগাল, সার্বিয়া, সোভেনিয়া, স্পেন, শ্রীলঙ্কা, সুদান, থাইল্যান্ড, তানজানিয়া, টোগো, তুর্কি, উগান্ডা, ইউক্রেন, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র (সানফ্রান্সিসকো) এবং রাশিয়া।

এই ধারণাটি বিশ্বব্যাপী জনপ্রিয়তা অর্জন করেছে এস্তোনিয়ায় অবস্থিত সামাজিক আন্দোলনভিত্তিক স্বেচ্ছাসেবী সংস্থা “লেটস ডু ইট!” (Lets Do It!) পরিচালিত ২০০৮ সালের ৩মের এক দিনের পরিচ্ছন্নতা অভিযান কার্যক্রম থেকে। যেদিন এস্তোনিয়ার ৫০,০০০ (পঞ্চাশ হাজার) মানুষের অংশগ্রহণে ৫ ঘন্টায় সমগ্র দেশের প্রায় ১০,০০০ (দশ হাজার) টন বর্জ্য সংগ্রহ করা হয়। এস্তোনিয়ার এই মডেলটির ভিডিও প্রতিবেদন ইতিমধ্যে বিশ্বের ১৫টি দেশকে অনন্য পরিচ্ছন্নতা অভিযান কর্মসূচি বাস্তবায়ন করতে উদ্বুদ্ধ করেছে যেখানে মোট অংশগ্রহণকারী ছিল ২৪ লক্ষ এবং প্রতিটি দেশের মোট জনসংখ্যার প্রায় ৪% থেকে ১৪.৭% জনগণ এ অভিযানে অংশগ্রহণ করেছেন।

প্রযুক্তি উদ্যোক্তা নলভেক উল্লেখ করেন যে, “লেটস ডু ইট! এই দর্শনের আলোকে আমরা খুব সহজ ও বাস্তবধর্মী কার্যক্রম বাস্তবায়ন করছি এবং কাউকে দোষারোপ না করার পরিবর্তে আপনি কিভাবে এর চেয়ে ভাল করতে পারেন এবং কিভাবে প্রত্যেককে এই ভাল কাজে যুক্ত হবার জন্য আমন্ত্রণ জানাতে পারেন তা ঠিক করা”

আগামী বছরে অনুষ্ঠিতব্য পরিচ্ছন্নতা অভিযান কর্মসূচির উদ্যোক্তাগণ বিশ্বের ১০০ টি দেশের স্বেচ্ছাসেবীগণকে একত্রিত করার লক্ষ্যে কাজ করে যাচ্ছেন এবং যেখানে অনেকের যোগ দেবার সুযোগ রয়েছে। কিছু নির্বেদিত প্রাণ এবং বিভিন্ন শ্রেণী পেশার স্বেচ্ছাসেবীগণ এই কার্যক্রমগুলোর সফল বাস্তবায়নের মাধ্যমে প্রমাণ করেছেন যে, আমরা ভিন্ন কিছু করতে সক্ষম।

এখনই জেগে উঠার উৎকৃষ্ট সময়! যার ফলে বর্জ্যমুক্ত পৃথিবী গড়ে তোলা সম্ভব হবে। অলিম্পিক খেলার মত ২০১২ সালের বিশ্ব পরিচ্ছন্নতা অভিযানের দলে যারা অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদের সবাইকে আমন্ত্রণ!!!

এই কর্মসূচির সাথে যুক্ত হতে ও সমর্থন জানাতে বিস্তারিত তথ্যের জন্য দেখুন [www.letsdoitworld.org](http://www.letsdoitworld.org)

জাতীয় পর্যায়ে	যোগাযোগঃ আঞ্চলিক পর্যায়ে	আন্তর্জাতিক পর্যায়ে
এম এম মাহবুব হাসান ক্যাম্পেইন কোর্ডিনেটর বিশ্ব পরিচ্ছন্নতা অভিযান ২০১২, বাংলাদেশ কোস্টাল ডেভেলপমেন্ট পার্টনারশিপ (সিডিপি) মুসাফির ভিলা, ৫৩/১ ও ৫৩/২ পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। ফোনঃ +৮৮০-২-৮১৮১৩৯১, মোবাইলঃ +৮৮০১৯১৬০৩৪৪৪, ই-মেইলঃ <a href="mailto:bangladesh@letsdoitworld.org">bangladesh@letsdoitworld.org</a> <a href="mailto:cdpmahbub@yahoo.com">cdpmahbub@yahoo.com</a> , <a href="mailto:cdp@cdpbd.org">cdp@cdpbd.org</a> <a href="http://www.cdpbd.org">www.cdpbd.org</a>	পিপ্লি গ্রিন রিজিওনাল কোর্ডিনেটর (বাংলাদেশ, ইজি, শ্রীলঙ্কা, ছটান ও নেপাল) বিশ্ব পরিচ্ছন্নতা অভিযান ২০১২’ লেটস ডু ইট! জিএসমঃ +৩৭২-৫০১২-৮৬৩ ই-মেইলঃ <a href="mailto:pille@letsdoitworld.org">pille@letsdoitworld.org</a> <a href="http://www.letsdoitworld.org">www.letsdoitworld.org</a> <a href="http://www.worldcleanup2012.org">www.worldcleanup2012.org</a>	মিসেস টিনা উরম কমিউনিকেশন ও পাবলিক রিলেশনস বিশ্ব পরিচ্ছন্নতা অভিযান ২০১২’ লেটস ডু ইট! জিএসমঃ +৩৭২-৫৩০০-০৫১৫ ই-মেইলঃ <a href="mailto:tiina@letsdoitworld.org">tiina@letsdoitworld.org</a> <a href="http://www.letsdoitworld.org">www.letsdoitworld.org</a>